

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd



নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫৬৭


তারিখঃ ১২-১২-২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মহানগরে (মেট্রো এলাকায়) চলাচলরত বেসরকারি বাসে (সিটি সার্ভিসে) শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে হাফ ভাড়া নির্ধারণ।

সূত্রঃ এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫৬৬, তারিখঃ ১২-১২-২০২১

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মহানগরে (মেট্রো এলাকায়) চলাচলরত বেসরকারি বাসে (সিটি সার্ভিসে) শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে হাফ ভাড়া সংক্রান্ত সূত্রস্থ স্মারকের প্রজ্ঞাপনটি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। প্রকাশিত গেজেটের ১০০ কপি প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা


২২/১২/২০২১
(মোঃ জাসিম উদ্দিন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৪৬৯

ইমেইলঃ sasbrtae@rthd.gov.bd

উপপরিচালক

ফরম ও প্রকাশনা পরিদপ্তর, তেজগাঁও, ঢাকা

অনুলিপিঃ

- ০১। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
- ০২। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, বিআরটিসি, রাজউক এভিনিউ, ঢাকা
- ০৪। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। অতিরিক্ত সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন


তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-৫৬৬ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪(২) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির সিদ্ধান্তের প্রেক্ষিতে দেশের সকল মহানগরে (মেট্রো এলাকায়) চলাচলরত বেসরকারি বাসে (সিটি সার্ভিসে) শিক্ষার্থীদের চলাচলের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তে হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) নির্ধারণ করলঃ

- ক) বিদ্যমান ভাড়ার ৫০% কম;
- খ) ভ্রমণকালে ছাত্র-ছাত্রীদের অবশ্যই নিজ নিজ শিক্ষা-প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছবিযুক্ত হালনাগাদ বৈধ পরিচয়পত্র সাথে রাখতে হবে এবং প্রয়োজনে প্রদর্শন করতে হবে;
- গ) সকাল ৭টা হতে রাত ৮টা পর্যন্ত শিক্ষার্থীগণ বেসরকারি বাসে চলাচলের ক্ষেত্রে এ হাফ ভাড়ার (কম্পেনসনকৃত ভাড়ার) সুযোগ পাবে;
- ঘ) শিক্ষা প্রতিষ্ঠান ছুটির দিনে এ হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) প্রযোজ্য হবে না; এবং
- ঙ) দূরপাল্লার বাসে এ হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) প্রযোজ্য হবে না।

০২। জনস্বার্থে এ হাফ ভাড়া (কম্পেনসনকৃত ভাড়া) ঢাকা মহানগরের ক্ষেত্রে ১ ডিসেম্বর ২০২১ থেকে এবং অন্যান্য মহানগর/মেট্রো এলাকায় ১১ ডিসেম্বর ২০২১ থেকে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২২/১২/২০২১

(মোঃ জসিম উদ্দিন)

সহকারী সচিব